

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
 ত্রাণ প্রশাসন শাখা
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

নং-৫১.০০.০০০০.৪১০.১৮.০০৩.১৭-১৯২

তারিখঃ ১৩-০৬-২০১৭ খ্রিঃ

প্রেরকঃ মোঃ নূরুল ইসলাম
 সহকারী সচিব (ত্রাণ প্রশাসন)।

প্রাপকঃ উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা
 বোয়ালমারী, ফরিদপুর।

বিষয়ঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরধীন ফরিদপুর জেলার বোয়ালমারী উপজেলার প্রাক্তন প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মরহুম
 মোঃ হাবিবুর রহমান খান-এর পারিবারিক পেনশন তার বিধবা স্ত্রী দিলারা সালেহা বেগম-এর অনুকূলে মঞ্জুরী।

জনাব,

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরধীন ফরিদপুর জেলার বোয়ালমারী উপজেলার প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জনাব মোঃ হাবিবুর রহমান খান বিগত ০১-১২-২০০২ খ্রিঃ তারিখে চাকরি হতে চূড়ান্তভাবে অবসর গ্রহণ করেন। পেনশন ভোগরত অবস্থায় ২১-০৪-২০১৭ খ্রিঃ তারিখে জনাব মোঃ হাবিবুর রহমান খান মৃত্যুবরণ করেন। জনাব মোঃ হাবিবুর রহমান খান-এর স্ত্রী দিলারা সালেহা বেগম-কে ১০০% অবসরভাতা উত্তোলনের ক্ষমতা প্রদান করা হয়েছে এবং তিনি নন-ম্যারিজ সার্টিফিকেট দাখিল করেছেন। দাখিলকৃত পারিবারিক পেনশন ফরম (ফরম-২.২) যথাযথ কর্তৃপক্ষ অনুমোদন করেছে।

২। এমতাবস্থায়, মরহুম জনাব মোঃ হাবিবুর রহমান খান-এর প্রাপ্য মাসিক অবসরভাতা তার বিধবা স্ত্রী দিলারা সালেহা বেগম-এর অনুকূলে প্রদানের নিমিত্ত নিম্নের কাগজপত্র নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলোঃ

১	পারিবারিক পেনশন ফরম ২.২ (ছবিসহ)	০১ (এক) সেট
২	মৃত্যুর সনদপত্র	০২ (দুই) পাতা
৩	জাতীয় পরিচয়পত্র	০১ (এক) পাতা
৪	নাগরিকত্ব প্রত্যয়নপত্র	০১ (এক) পাতা
৫	ওয়ারিশ সনদপত্র	০১ (এক) পাতা
৬	বিবাহ বন্ধনে আবদ্ধ হননি মর্মে প্রত্যয়নপত্র	০১ (এক) পাতা
৭	উত্তরাধিকারী সনদপত্র ও নন-ম্যারিজ সার্টিফিকেট (সংযোজনী-৩)	০২ (দুই) পাতা
৮	ক্ষমতা অর্পণ ও অভিযাবক মনোনয়ন প্রত্যয়নপত্র (সংযোজনী-৭)	০১ (এক) পাতা
৯	অংগিকারপত্র	০১ (এক) পাতা
১০	নমুনা স্বাক্ষর ও পঁচ আংগুলের ছাপ (সংযোজনী-৬)	০১ (এক) পাতা
১১	অবসরভাতা গ্রহণের কপি	০৩ (তিন) পাতা
১২	অবসরভাতা পরিশোধ আদেশ :হি	০১ (এক) টি

৩। ভবিষ্যতে কোন সরকারি পাওনার দাবী উত্থাপিত হলে তার পারিবারিক পেনশনভোগী বিধি মোতাবেক তা পরিশোধ করতে বাধ্য থাকবেন।

সংযুক্তিঃ বর্ণনামতে

আপনার বিশ্বস্ত,

(মোঃ নূরুল ইসলাম)

সহকারী সচিব (ত্রাণ প্রশাসন)।

ফোনঃ ৯৫৪৫৮১৮।

asra@modmr.gov.bd


অঃপঃদঃ/২

নং-৫১.০০.০০০০.৪১০.১৮.০০৩.১৭-১৯২/১(৭)

তারিখঃ ১৩-০৬-২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ভবন, ৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা (এতে তাঁর ৩১-০৫-২০১৭ খ্রিঃ তারিখের ৫১.০১.০০.০০.০০৩.১৮.২১৪.১৭-৪৭৮ নং পত্রের যোগসূত্র রয়েছে)।
- ২। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, বোয়ালমারী, ফরিদপুর।
- ৪। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৫। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের জন্যে)।
- ৬। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ফরিদপুর।
- ৭। জনাবা দিলারা সালেহা বেগম, স্বামী-মরুম মোঃ হাবিবুর রহমান খান, প্রাক্তন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বোয়ালমারী, ফরিদপুর। (বর্তমান ঠিকানাঃ গ্রামঃ চতুল, পোঃ বোয়ালমারী, জেলাঃ ফরিদপুর)।


(মোঃ নূরুল ইসলাম)
সহকারী সচিব (ত্রাণ প্রশাসন)।